ইন্ডিয়া ফাউন্ডেশন ফর দি আর্টস
সরকারি সাহায্যপ্রাপ্ত ও অলাভজনক বিদ্যালয়গুলির নিকটে আর্টস এডুকেশন প্রোগ্রামের অন্তর্গত শিল্পকলা-ভিত্তিক প্রকল্প **(**আর্টস-ইন্টেগ্রেটেড প্রজেক্টস**)** আহ্বান করছে।
প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়ার শেষ তারিখ: **December 15, 2026**

আইএফএ সারা ভারতের গ্রামীণ ও মফঃস্বল অঞ্চলে অবস্থিত সরকারি সাহায্যপ্রাপ্ত ও অলাভজনক বিদ্যালয়সমূহে শিল্পকলা-ভিত্তিক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে বিদ্যালয়ের পঠনপাঠনকে আরও প্রাণবন্ত ও সৃজনশীল করে তুলতে চায়।

আর্টস এডুকেশন প্রোগ্রাম ‘কলি-কলিসু’ (কন্নড় ভাষায় ‘শেখো-শেখাও’)-এর মাধ্যমে শিক্ষাঙ্গনে পঠনপাঠনকে বিভিন্ন শিল্পকলা প্রয়োগের দ্বারা পাঠ্যক্রম ভিত্তিক শিক্ষাকৌশলকে আরও আনন্দদায়ক ও মনোগ্রাহী করে তোলার লক্ষ্য গ্রহণ করেছে।

এই উদ্দেশ্যকে সামনে রেখে, আইএফএ এমন স্কুলগুলো থেকে প্রকল্পের প্রস্তাব আহ্বান করছে, যারা শিল্পকলা-সমন্বিত শিক্ষার একটি মজবুত ভিত্তি গড়ে তুলতে এবং ছাত্রছাত্রীদের কৌতূহল, সৃজনশীলতা ও চিন্তাশক্তি উৎসাহিত করতে আগ্রহী।

বিগত বছরের প্রকল্পগুলি সম্বন্ধে বিষদে জানতে এখানে ক্লিক করুন।

প্রকল্পের মূল বিষয়বস্তু ও লক্ষ্য:
প্রকল্পগুলি নিম্নলিখিত এক বা একাধিক বিষয়বস্তুকে ব্যাখ্যা করতে পারে।

- স্থানীয় শিল্পকলা এবং সংস্কৃতিচর্চাকে শ্রেণিকক্ষের পঠনপাঠনের সঙ্গে সংযুক্তকরণ
- পাঠ্যক্রমের বিভিন্ন বিষয়ে শিল্পকলা ব্যবহারের অন্তর্ভুক্তকরণ
- ছাত্রছাত্রীদের বাস্তব জীবনের অভিজ্ঞতা শ্রেণিকক্ষের আলোচনায় নিযুক্তকরণ
- স্থানীয় শিল্পী ও স্থানিক সম্প্রদায়ের সম্পদের সঙ্গে যৌথ ভাবে কাজ করা

সময়সীমা: নূন্যতম ১ বছর থেকে সর্বাধিক ১ বছর ৬ মাস

বাজেট: সর্বাধিক **₹**৪,০০,০০০**/-** (চার লক্ষ টাকা)

কারা আবেদন করতে পারবে**?**

গ্রামীণ ও মফঃস্বল অঞ্চলে অবস্থিত সরকারি সাহায্যপ্রাপ্ত/অলাভজনক স্কুল, যারা স্থানীয় ভাষায় শিক্ষাদান করে এবং শিল্প ও সংস্কৃতিকে শিক্ষার গুরুত্বপূর্ণ অংশ মনে করে।

যোগ্যতাঃ

- স্কুল পরিচালনাকারী সংস্থা দ্য সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট, ১৮৬০ বা দ্য ইন্ডিয়ান ট্রাস্ট অ্যাক্ট, ১৮৮২ -এর অধীনে নিবন্ধিত হতে হবে
- নূন্যতম তিন বছর ধরে কার্যক্রম চালিয়ে আসতে হবে
- অন্তত দুই বছরের নিরীক্ষিত হিসাব (অডিট) থাকতে হবে
- বৈধ PAN (পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর) থাকতে হবে

প্রস্তাব পাঠানোর নির্দেশিকা:

প্রকল্প প্রস্তাবনা যে কোন ভারতীয় ভাষায় (ইংরেজি সহ) লেখা যেতে পারে। আইএফএ ইংরেজি ছাড়া ভিন্ন ভারতীয় ভাষায় লিখিত প্রস্তাবকে উৎসাহিত করে।

একটি পূর্ণাঙ্গ প্রস্তাবে থাকবে:

- প্রকল্পের শিরোনাম
- বিদ্যালয়ের লক্ষ্য ও সংক্ষিপ্ত বিবরণ
- শিক্ষার্থীদের সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট
- প্রকল্পের উদ্দেশ্য
- পদ্ধতি (মেথডলজি) ও বিস্তারিত কর্মপরিকল্পনা
- প্রকল্পে নিয়োজিত রিসোর্স পার্সন বা বিশিষ্ট ব্যক্তিদের বিষদ তথ্য
- প্রকল্প মূল্যায়নের পদ্ধতি
- প্রকল্পের প্রত্যাশিত ফলাফল
- বিস্তারিত বাজেট বিভাজন

এর সঙ্গে জমা দিতে হবে **(Annexure):**

- ট্রাস্ট ডিড/ মেমরান্ডাম অফ অ্যাসোসিয়েশনের কপি
- বর্তমান ট্রাস্টি/সদস্যদের তালিকা ও সংক্ষিপ্ত প্রোফাইল
- ১২এ/ সোসাইটি অ্যাক্টের অন্তর্গত রেজিস্ট্রেশনের কপি
- অন্তত গত দুই বছরের নিরীক্ষিত হিসাবপত্র/ অডিটর'স রিপোর্ট
- প্রতিষ্ঠানের PAN কার্ডের কপি
- পূর্ববর্তী/চলমান আর্টস এডুকেশন কার্যক্রম (যদি থাকে)

চূড়ান্ত আবেদন ও সমস্ত সহায়ক নথি অনলাইনে কেবল একটি মাত্র ইমেইলে (২৫ এমবি'র মধ্যে) পাঠাতে হবে নভেম্বর ৩০, ২০২৬ এর মধ্যে, deepak@indiaifa.org এই ঠিকানায়।
Subject line: IFA National Schools 2026-27 Proposal

গুরুত্বপূর্ণ স্মরণীয় বিষয়:

অসম্পূর্ণ আবেদন অথবা যোগ্যতা মানের আওতার বহিঃর্ভুত আবেদনগুলি বিবেচিত হবে না।

নির্বাচনের পদ্ধতি:

নির্বাচিত প্রস্তাবগুলো একটি স্বতন্ত্র প্যানেল দ্বারা মূল্যায়িত হবে এবং আবেদনকারীকে তাদের প্রকল্প উপস্থাপনের জন্য ডাকা হতে পারে। আইএফএ-র সিদ্ধান্ত চূড়ান্ত।

নির্বাচিত প্রকল্পগুলি আইএফএ বাস্তবায়ন করবে।

গুরুত্বপূর্ণ সময়সীমা:

- চূড়ান্ত প্রস্তাব জমার শেষ তারিখ: **December 15, 2026**
- নির্বাচিত প্রকল্পের ঘোষণা: **January 2027**

বিঃ দ্রঃ ***আইএফএ শিশু-কিশোরদের জন্য নিরাপদ ও সম্মানজনক পরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আবেদনকারী প্রতিষ্ঠানের এই নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া আবশ্যক।***